



গভর্নর নর্দার্ন ইউনিভার্সিটির প্রথম গ্রাজুয়েশন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন শিক্ষার ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার।

নর্দার্ন ইউনিভার্সিটির প্রথম সনদ বিতরণী অনুষ্ঠান প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোকে শিক্ষার গুণগতমান নিশ্চিত করার আহ্বান

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক - বর্গালী উদ্দাস: আনন্দ আর আবেগের পরিবেশের মধ্য দিয়ে গতকাল শুক্রবার নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশের (এনইউবি) প্রথম গ্রাজুয়েশন সনদ বিতরণ অনুষ্ঠান উদযাপিত হয়েছে। এ উপলক্ষে রাজধানীর ওসমানী মেমোরিয়াল হল ছুড়ে এক আনন্দমুখর পরিবেশের সৃষ্টি হয়। সনদ গ্রহণ করতে আসা ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের পদচারণায় মুগ্ধ ছিল ওসমানী হল।

সনদ বিতরণ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এম আসাদুজ্জামান প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোকে কোর্চিং সেন্টারের ধ্যান-ধারণা থেকে বেরিয়ে এসে শিক্ষার গুণগত মান নিশ্চিত করার আহ্বান জানান। তিনি প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার গুণগত মান নিশ্চিত করার জন্য যোগ্য ও ফুলটাইম শিক্ষক নিয়োগ করা সহ ছাত্রছাত্রীদের কল্যাণে সমস্ত সুযোগ-সুবিধা দেওয়ার আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার জন্য আগামী বাজেটে তিনি বেশি অর্থ বরাদ্দ দেওয়ার আহ্বান দেন।

সকাল সাড়ে ১০টায় জাতীয় সঙ্গীত পরিবেশনের পর অনুষ্ঠানের উদ্বোধন করেন জাতীয় সংসদের শিক্ষার ব্যারিস্টার মুহাম্মদ জমিরউদ্দিন সরকার। উদ্বোধনী

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমাদের জনশক্তি হচ্ছে সম্পদ। এই জনশক্তিকে সম্পদে পরিণত করতে হলে গুণগত ও মানসম্মত শিক্ষার কোনো বিকল্প নেই। তিনি বলেন, আমাদের দেশের জনসংখ্যার তুলনায় পাবলিক ইউনিভার্সিটি কম। তাই জনশক্তিকে সম্পদে রূপান্তর করা তাদের একান্ত পক্ষে সম্ভব হচ্ছে না। এক্ষেত্রে প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলো ওকতৃপূর্ণ ভূমিকা রাখতে পারে।

নর্দার্ন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক মোহাম্মদ আলীর সভাপতিত্বে সনদ বিতরণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউনিভার্সিটির কৌশলধাফ মুহাম্মদ আবু বকর সিদ্দিক এবং একাডেমিক এফেয়ার্সের পরিচালক লুৎফর রহমান। এছাড়া বিজনেস স্টাডিজ ফ্যাকাল্টির ডিন ড. আজহারউদ্দিন এবং আর্টস ফ্যাকাল্টির ডিন ড. সাদরুদ্দিন আহমেদ সনদপ্রাপ্ত গ্রাজুয়েটদের উপস্থাপন করেন।

অনুষ্ঠানে মোট ১৩০ জন গ্রাজুয়েটকে সনদপত্র প্রদান করা হয়। এর মধ্যে এমবিএর ১২৫ জন এবং ইংরেজির ৫ জন। প্রধান অতিথি শিক্ষার জমিরউদ্দিন সরকার ৩০ জন গ্রাজুয়েটকে সনদপত্র ও ক্রেস্ট প্রদান করেন।